# সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট
# SYLHET AGRICULTURAL UNIVERSITY, SYLHET

ফোন : +৮৮ ০৮২১ ৭৬০৯৩০
ফ্যাক্স : +৮৮ ০৮২১ ৭৬০৯৩০
ওয়েবসাইট : www.sau.ac.bd


স্মারক নং-রেজি:/এস্টেট/বা.ব.প্র.স.ক-৫১/২৫/১০ তারিখ: ০৩-০৩-২০২৫

## বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের বাসা বরাদ্দ সংক্রান্ত বিষয়ে আবাসন নীতিমালার ধারা-০৫ অনুযায়ী ডরমিটরি ও বাসা বরাদ্দের নীতিমালার আলোকে এবং ইতোমধ্যে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুসারে এ বিশ্ববিদ্যালয়ের সম্মানীয় সহযোগী অধ্যাপক এবং প্রভাষকের কাছ থেকে ডরমিটরি বরাদ্দ চেয়ে কোন আবেদন আসে নাই বিধায় বাসা বরাদ্দ কমিটির ২য় সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নের ছকে উল্লেখিত খালি ডরমিটরি ও বাসা বরাদ্দ প্রদানের পুনঃবিজ্ঞপ্তি প্রদান করা হলো।

ক) শিক্ষক/কর্মকর্তা, নতুন ডরমিটরি (সারী) (সহযোগী অধ্যাপক এবং প্রভাষকদের জন্য):

| ক্রমিক নং | বাসার টাইপ | ডরমিটরির যে কক্ষ বরাদ্দ দেয়া হবে |
|---|---|---|
| ১ | নতুন শিক্ষক/কর্মকর্তা ডরমিটরি (সারী) | লেভেল-২, ইউনিট সি |
| | | লেভেল-৩, ইউনিট ডি |

খ) শিক্ষক/কর্মকর্তা, পুরাতন ডরমিটরি (কুশিয়ারা) (সহযোগী অধ্যাপক এবং প্রভাষকদের জন্য):

| ক্রমিক নং | বাসার টাইপ | ডরমিটরির যে কক্ষ বরাদ্দ দেয়া হবে |
|---|---|---|
| ১ | পুরাতন শিক্ষক/কর্মকর্তা ডরমিটরি (কুশিয়ারা) | ডরমিটরি কুশিয়ারা, ৫ম তলা, উত্তর পাশ |
| | | ডরমিটরি কুশিয়ারা, ৫ম তলা, দক্ষিণ পাশ |

গ) প্রফেসর'স/সমপর্যায়ের কর্মকর্তা, নতুন কোয়াটার্স: ৫ম গ্রেড বা তদুর্ধ গ্রেডের বেতনভুক্ত শিক্ষক/কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন।

| ক্রমিক নং | বাসার টাইপ | যে বাসা বরাদ্দ দেয়া হবে |
|---|---|---|
| ০১ | প্রফেসর'স/সমপর্যায়ের কর্মকর্তা নতুন কোয়াটার্স | ৫ম তলা পূর্ব পার্শ্ব কোয়ার্টার-৫/১ |
| | | ৫ম তলা পশ্চিম পার্শ্ব কোয়ার্টার-৫/২ |

ঘ) প্রফেসর'স/সমপর্যায়ের কর্মকর্তা, ৫ম গ্রেড বা তদুর্ধ গ্রেডের বেতনভুক্ত শিক্ষক/কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন।

| ক্রমিক নং | বাসার টাইপ | যে বাসা বরাদ্দ দেয়া হবে |
|---|---|---|
| ১ | পুরাতন প্রফেসর কোয়াটার্স- "এ" টাইপ | নিচ তলা পশ্চিম পার্শ্ব কোয়ার্টার-১/১ |

আগ্রহী সকল শিক্ষক এবং কর্মকর্তাদের নিকট হতে আগামী ১৩-০৩-২০২৫ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে নিম্নলিখিত শর্ত অনুসরণ পূর্বক নিম্ন স্বাক্ষরকারী বরাবর তিনির অফিস কক্ষ কৌলিবিজ্ঞান ও প্রাণী প্রজনন বিভাগ, ভেটেরিনারি, এনিম্যাল ও বায়োমেডিক্যাল সায়েন্সেস অনুষদ, সিকৃবি, সিলেট এ আবেদনপত্র জমা প্রদানের আহবান করা যাচ্ছে।

শর্তসমূহঃ

১. আবেদনকারীকে আবেদন ফরমে পছন্দের ক্রম অবশ্যই উল্লেখ করতে হবে।
২. ডরমিটরি ইউনিট বরাদ্দ পাওয়ার পর বরাদ্দপ্রাপ্ত শিক্ষক/কর্মকর্তা বরাদ্দ প্রাপ্তির ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে বরাদ্দ গ্রহন করবেন। বরাদ্দ বুঝে নিতে ব্যর্থ হলে উক্ত বরাদ্দ আপনা আপনি বাতিল বলে গণ্য হবে।
৩. কোন শিক্ষক/কর্মকর্তর অনুকুলে ডরমিটরি ইউনিট বরাদ্দ হলে এবং ঐ ব্যক্তি কোনো কারণে তা ব্যবহারের ক্ষেত্রে অপরাগতা প্রকাশ করলে পরবর্তী ২ (দুই) বছরের জন্য ডরমিটরির জন্য তিনি আর আবেদন করতে পারবেন না।
৪. ডরমিটরি প্রাপ্ত হয়ে বসবাস করত অবস্থায় কোনো কারনে ডরমিটরি ইউনিট বরাদ্দ বাতিল করতে হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ০২ (দুই) মাস পূর্বে অবহিত করতে হবে নতুবা পরবর্তী ০২ (দুই) মাসের ভাড়া ও অন্যান্য ব্যয় প্রদান করতে বাধ্য থাকবেন।
৫. অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৬. আবেদনের সহিত অফিস কর্তৃক গৃহিত যোগদানপত্র (সকলপর্যায়ের) এর অফিস আদেশের অনুলিপি প্রদান করতে হবে।

নতুন আবেদন ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট হতে ডাউনলোড করে সংগ্রহ করতে হবে। (ফরম এ চাহিত সকল তথ্য সঠিক এবং নির্ভুলভাবে প্রদানপূর্বক আবেদন দাখিল করতে হবে)।

স্বা.

প্রফেসর ড. মোঃ মোহন মিয়া
কৌলিবিজ্ঞান ও প্রাণী প্রজনন বিভাগ
ও
সভাপতি, সংশ্লিষ্ট কমিটি
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠা হতে

স্মারক নং-রেজি:/এস্টেট/বা.ব.প্র.স.ক-৫১/২৫/~~০৫~~ ১০ | তারিখ: ~~১০-০২-২০২৫~~ ৬/৩/২৫

স্ব স্ব বিভাগ/অনুষদে কর্মরত সকল শিক্ষক ও কর্মকর্তাদের যথাযথ অবহিতকরণের অনুরোধসহ অনুলিপি প্রেরিত হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)ঃ

১। ডিন, ভেটেরিনারি, এনিম্যাল ও বায়োমেডিক্যাল সায়েন্সস/ কৃষি/ মাৎস্যবিজ্ঞান/ কৃষি অর্থনীতি ও ব্যবসায় শিক্ষা/ কৃষি প্রকৌশল ও প্রযুক্তি/ বায়োটেকনোলজি অ্যান্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং অনুষদ, সিকৃবি, সিলেট।

২। বিভাগীয় চেয়ারম্যান, এনাটমি ও হিস্টোলজি/ ফিজিওলজি/ ফার্মাকোলজি ও টক্সিকোলজি/ মাইক্রোবায়োলজি ও ইমিউনোলজি/ এপিডেমিওলজি ও পাবলিক হেলথ/ প্রাণীপুষ্টি/ প্রাণিসম্পদ উৎপাদন ও ব্যবস্থাপনা/ ডেইরিবিজ্ঞান/ পোল্ট্রি বিজ্ঞান/ কৌলিবিজ্ঞান ও প্রাণী প্রজনন/ প্যারাসাইটোলজি/ প্যাথলজি/ মেডিসিন/ সার্জারি ও থেরিওজেনোলজি/ কৃষিতত্ত্ব ও হাওর কৃষি/ মৃত্তিকা বিজ্ঞান/ ফসল উদ্ভিদ বিজ্ঞান ও চা উৎপাদন প্রযুক্তি/ কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন/ উদ্যানতত্ত্ব/ উদ্ভিদ রোগতত্ত্ব ও বীজবিজ্ঞান/ কীটতত্ত্ব/ কৃষি সম্প্রসারণ শিক্ষা/ কৃষি বনায়ন ও পরিবেশ বিজ্ঞান/ কৃষি রসায়ন/ মৌলিক বিজ্ঞান ও ভাষা/ মাৎস্যচাষ/ জলজ সম্পদ ব্যবস্থাপনা/ উপকূলীয় ও সামুদ্রিক মাৎস্য বিজ্ঞান/ মৎস্য স্বাস্থ্য ব্যবস্থাপনা/ মৎস্য জীববিদ্যা ও কৌলিতত্ত্ব/ মাৎস্য প্রযুক্তি ও মাননিয়ন্ত্রণ/ কৃষি অর্থনীতি ও পলিসি/ কৃষি ও গ্রামীণউন্নয়ন/ কৃষিপরিসংখ্যান/ কৃষি বিপণন ও ব্যবসায় ব্যবস্থাপনা/ কৃষি অর্থসংস্থান ও ব্যাংকিং/ সেচ ও পানি ব্যবস্থাপনা/ কৃষি শক্তি ও যন্ত্র/ ফুড ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি/ কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল/ এগ্রিকালচারাল কনস্ট্রাকশন অ্যান্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং/মলিকুলার বায়োলজি ও জেনেটিক ইঞ্জিনিয়ারিং/প্ল্যান্ট ও এনভায়রনমেন্টাল বায়োটেকনোলজি/ এনিম্যাল ও ফিশ বায়োটেকনোলজি/ ফার্মাসিউটিক্যালস ও ইন্ডাস্ট্রিয়াল বায়োটেকনোলজি/ মাইক্রোবিয়াল বায়োটেকনোলজি/ বায়োকেমিস্ট্রি ও কেমিস্ট্রি বিভাগ, সিকৃবি, সিলেট।

৩। পরিচালক (ছাত্র পরামর্শ ও নির্দেশনা), সিকৃবি, সিলেট।

৪। চেয়ারম্যান, আইসিটি, সিকৃবি, সিলেট(**উক্ত বিজ্ঞপ্তি অনলাইনে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ**)।

৫। প্রক্টর, সিকৃবি, সিলেট।

৬। প্রভোস্ট, ..................................................................................................হল, সিকৃবি, সিলেট।

৭। এডিশনাল রেজিস্ট্রার, এস্টেট শাখা, সিকৃবি, সিলেট যে বাসা বা ইউনিট বরাদ্দ করা হচ্ছে, সেগুলিকে বসবাসের উপযোগী করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার অনুরোধসহ)

৮। পি.এস. টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), সিকৃবি, সিলেট।

৯। সহকারী রেজিস্ট্রার (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), সিকৃবি, সিলেট।

১০। সকল নোটিশ বোর্ড।

১১। অফিস কপি।

৩/৩/২৫

প্রফেসর ড. মোঃ মোহন মিয়া
কৌলিবিজ্ঞান ও প্রাণী প্রজনন বিভাগ
ও
সভাপতি, সংশ্লিষ্ট কমিটি
সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট।